আজকের কাগজ

তারিখ 29 NOV 1992
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৭ ...

25

### ৮ মাস পর বিশ্ববিদ্যালয়ে রাজনৈতিক তৎপরতা শুরু

# শিবির বিরোধী ছাত্রসংগঠনগুলোর মধ্যে প্রাণচাঞ্চল্য ফিরে এসেছে

**চট্টগ্রাম থেকে মোতাহার হোসেন :** দীর্ঘ ৭/৮ মাস চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে রাজনৈতিক কর্মকান্ড বন্ধ থাকার পর গত বৃহস্পতিবার এ নিষেধাজ্ঞা তুলে নিলে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে রাজনৈতিক কর্মকান্ড মুখরিত হয়ে ওঠে। আসন্ন চাকসু নির্বাচনের ব্যাপারে বিভিন্ন ছাত্র সংগঠনগুলোর মধ্যে আলাপ-আলোচনা করতে দেখা গেছে। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে রাজনৈতিক কর্মকান্ডের ওপর থেকে নিষেধাজ্ঞা প্রত্যাহারের ফলে শিবির বিরোধী ছাত্র সংগঠনসমূহসহ সাধারণ ছাত্র-ছাত্রীদের মধ্যে প্রাণ চাঞ্চল্যতা লক্ষ্য করা গেছে।

বিশ্বস্ত সূত্র জানান, শিবিরের ৭০ শতাংশ নেতা-কর্মী চাকসু নির্বাচনের ঘোরবিরোধী। তাদের অপর পক্ষ ছাত্রদলের সঙ্গে ঐক্য করে নির্বাচনে অংশ নিতে আগ্রহী। প্রথম পক্ষের বক্তব্য হচ্ছে ক্যাম্পাসে ছাত্রদল দ্বিধাবিভক্ত। তাই ছাত্রদলকে নিয়ে নির্বাচন করলে পরাজয় বরণই অবশ্যম্ভাবী। এদিকে গত চাকসু নির্বাচনের মতো এবার ও স্বাধীনতার পক্ষের ছাত্র সংগঠনসমূহ জোটভুক্ত হয়ে চাকসু নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার সম্ভাবনা যথেষ্ট। ছাত্রলীগ (ম-ই)'র নেতৃত্বে এ জোটে ১০টি ছাত্র সংগঠন এক প্যানেলভুক্ত হয়ে নির্বাচন করবে। সূত্রটি জানায়, বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে একটি সাম্প্রদায়িক সংগঠনের মধ্যে নেতৃত্ব নিয়ে চরম কোন্দল ও অসন্তোষের কারণে সংগঠনের অধিকাংশ নেতা-কর্মী নির্বাচন বর্জন বা এ থেকে বিরত থাকার পক্ষে মত দিয়েছে। তাছাড়া উক্ত সংগঠনে স্থানীয় অস্থানীয় বিষয়ও প্রকট হয়ে দেখা দিয়েছে। আসছে ফেব্রুয়ারির মাঝামাঝিতে চাকসু'র নির্বাচন হতে পারে।